# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ-২২০১

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩-১৩৮০ তারিখ: ১৯/৮/১৮

**বিষয়: ইনস্টিটিউটের ২০১৮-১৯ আর্থিক সালের গবেষণা ও ব্যবস্থাপনা বিষয়ক ২য় কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী ও কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত অনুসারে কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

বিগত ১১.০৮.২০১৮ তারিখ, রোজ শনিবার, বিকাল ০৩.০০ ঘটিকায় ইনস্টিটিউটের সদর দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত ২০১৮-১৯ অর্থ বছরের গবেষণা ও ব্যবস্থাপনা পর্যালোচনা বিষয়ক ২য় কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অবিলম্বে সদর দপ্তরে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

স্বাঃ
(মোঃ শহীদুল ইসলাম)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩- তারিখ:

বতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চাঁদপুর।
৫. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাগেরহাট চিংড়ি গবেষণা কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাগেরহাট।
৬. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, লোনাপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, পাইকগাছা, খুলনা।
৮. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, কক্সবাজার।
৯. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. প্রকল্প পরিচালক, মুক্তা চাষ প্রযুক্তি উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. ড. এ.এইচ.এম. কোহিনুর, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১২. ড. শাহা আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিকল্পনা শাখা-১, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৪. প্রকল্প পরিচালক, চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চাঁদপুর।
১৫. প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন এবং চাষ প্রকল্প, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৬. প্রকল্প পরিচালক, সামুদ্রিক মৎস্য জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, কক্সবাজার।
১৭. উপ পরিচালক, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৮. উপ পরিচালক (হিসাব), সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৯. শাখা প্রধান, প্রশিক্ষণ শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২০. শাখা প্রধান, গবেষণা শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২১. শাখা প্রধান, প্রকৌশল শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২২. শাখা প্রধান, প্রশাসন শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২৩. শাখা প্রধান, গ্রন্থাগার ও তথ্যায়ন, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
২৪. সিস্টেম এনালিস্ট, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২৫. উপকেন্দ্র প্রধান, প্লাবনভূমি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সান্তাহার, বগুড়া।

২৬. উপকেন্দ্র প্রধান, স্বাদুপানি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, যশোর।
২৭. উপকেন্দ্র প্রধান, নদী উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
২৮. উপকেন্দ্র প্রধান, নদী উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, খেপুপাড়া
২৯. উপকেন্দ্র প্রধান, স্বাদুপানি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সৈয়দপুর।
৩০. জনসংযোগ কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩১. প্রকাশনা কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩২. প্রশাসনিক কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

অনুলিপিঃ

১. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. সংশ্লিষ্ট/মাষ্টার নথি।

১২/৮/১৯

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ-২২০১

বিষয় ঃ ইনস্টিটিউটের ২০১৮-১৯ অর্থ বছরের ২য় কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভাপতি ঃ ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক
স্থান ঃ কনফারেন্স রুম, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
তারিখ ও সময় ঃ ১১.০৮.২০১৮ বিকাল ০৩.০০ ঘটিকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

ইনস্টিটিউটের ২০১৮-১৯ অর্থ বছরের ২য় কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর ইনস্টিটিউটের সদর দপ্তরসহ বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রে চলমান গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ১. গবেষণা শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | স্বাদুপানি কেন্দ্র থেকে তেলাপিয়া, কৈ ও সরপুঁটি মাছের জার্মপ্লাজম স্বাদুপানি উপকেন্দ্র সৈয়দপুর, সান্তাহার এবং যশোরে আগামী ৭ কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে। | কেন্দ্র প্রধান, স্বাদুপানি কেন্দ্র |
| খ) | রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্তকৃত গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ৩০.০৮.২০১৮ তারিখের মধ্যে মুদ্রণ সমপন্ন করতে হবে। | গবেষণা শাখা |
| গ) | মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে নির্দেশনাপ্রাপ্ত বোয়াল মাছের উপর গবেষণা জোরদার করতে হবে এবং সংগৃহীত ব্রুড নিয়মিত পরিচর্যা করতে হবে। | কেন্দ্র প্রধান, চাঁদপুর |
| ঘ) | ২০১৭-১৮ অর্থ বছরে পরিচালিত বার্ষিক গবেষণা প্রকল্পের বার্ষিক প্রতিবেদন ৩০.০৮.২০১৮ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |
| ঙ) | সামুদ্রিক কেন্দ্রে চলমান বাণিজ্যিক গুরুত্বসম্পন্ন মাছের প্রজননকাল নির্ধারণ বিষয়ক প্রকল্পের আওতায় মাসিক নমুনা সংগ্রহের পর ধারাবাহিকভাবে হিস্টোলজির কাজ করতে হবে এবং এক্ষেত্রে গবেষণা আরো জোরদার করতে হবে। | কেন্দ্র প্রধান, কক্সবাজার |
| চ) | গবেষণা ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং নিয়মিত তা মনিটরিং করতে হবে। | পরিচালক (গবে ও পরি) |

আলোচ্য সূচী ২. প্রশিক্ষণ শাখা

| | | |
|---|---|---|
| ক) | রাজস্ব খাতসহ সকল উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ ডাটা Software-এ অন্তর্ভূক্ত করতে হবে। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা |
| খ) | ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের APA অনুযায়ী ৬০ জনঘন্টা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ |
| গ) | ইনস্টিটিউটের যে সকল কর্মকর্তা বিদেশ থেকে সফর করে আসছেন তাদের নিয়মিত ডি ব্রিফিং এর ব্যবস্থা গ্রহণ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রশিক্ষণ শাখার ব্যর্থতায় এ দায়িত্ব এখন থেকে জনসংযোগ শাখা বাস্তবায়ন করবে। | জনসংযোগ কর্মকর্তা |

আলোচ্য সূচী ৩. প্রশাসন শাখা

| | | |
|---|---|---|
| ক) | ইনস্টিটিউটে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশা:ও অর্থ) |
| খ) | ইনস্টিটিউটের বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব হালনাগাদ করতে হবে। এজন্য কেন্দ্র ও উপকেন্দ্র থেকে আপডেট তথ্য সংগ্রহ করতে হবে। | উপ পরিচালক (হিসাব) |
| গ) | অধীনস্থ অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সদর দপ্তর/সকল কেন্দ্র প্রধান |
| ঘ) | ইনস্টিটিউটের বিভিন্ন স্থাপনার ড্রয়িং, ডিজাইন এবং লে-আউট এর ফটোকপি ডকুমেন্টেশনের জন্য লাইব্রেরীতে প্রেরণ ও সংরক্ষণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী ও গ্রন্থাগারিক |

আলোচ্য সূচী ৪. প্রকৌশল শাখা

| | | |
|---|---|---|
| ক) | ২০১৮-১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় গৃহীতব্য পূর্তকাজের চাহিদা ও পরিকল্পনা মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী |
| খ) | চূড়ান্তকরণের লক্ষ্যে শীঘ্রই চলমান পূর্তকাজের মনিটরিং আরো জোরদার করতে হবে। | ঐ |
| গ) | পূর্তকাজের প্রাক্কলন তৈরীর বিষয় প্রকৌশল শাখাকে দায়িত্বশীল হতে হবে এবং কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। | ঐ |

আলোচ্য সূচী ৫. পরিকল্পনা ও মূল্যায়ন শাখা

| | | |
|---|---|---|
| ক) | ২০১৮-১৯ সালের বার্ষিক কর্মসম্পাদন (APA) চুক্তি অনুযায়ী বাস্তবায়ন কাজ তরান্বিত করতে হবে। APA'র কার্যক্রম সদর দপ্তর থেকে নিয়মিত মনিটর করতে হবে। | পিএসও (পরিকল্পনা) |
| খ) | সমাপ্ত কাঁকড়া ও কুচিয়া প্রকল্পের আওতায় স্বাদুপানি কেন্দ্রে আন্ডারগ্রাউন্ড ড্রেনেজ এর ত্রুটীপূর্ণ কাজ দ্রুত সাড়ানোর ব্যবস্থা নিতে হবে। | সাবেক পিডি, কাঁকড়া ও কুচিয়া প্রকল্প |
| গ) | উপকূলীয় অঞ্চলের বিপন্ন প্রজাতির মাছের চাষাবাদ ও সংরক্ষণের উপর ডিপিপি আগামী ৭ কার্যদিবসের মধ্যে প্রণয়ন করে দ্রুত সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কেন্দ্র প্রধান, লোনাপানি কেন্দ্র |

আলোচ্য সূচী ৬. হিসাব ও অডিট

| | | |
|---|---|---|
| ক) | ইনস্টিটিউটের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্রডসীট জবাব নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে/অডিট অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ পরিচালক (হিসাব) |
| খ) | ইনস্টিটিউটের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য কমিটি গঠনের প্রস্তাব দ্রুত উপস্থাপন করতে হবে। | ঐ |
| গ) | চলতি অর্থ বছর (২০১৮-১৯) থেকে প্রচলিত বিধি মোতাবেক কোডভিত্তিক ব্যয় নিশ্চিত করতে হবে। | সদর দপ্তর/ কেন্দ্র/ উপকন্দ্রে প্রধান |

Minutes folder/HQ.Minutes

আলোচ্য সূচী ৭. আইসিটি

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | ই-নথি ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ সমাপ্ত হওয়ায় সকল কেন্দ্রে ই-নথি কার্যক্রম শুরুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিষ্ট |
| খ) | ইন্টারনেটের বেন্ডউইথ ও গতি বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ |
| গ) | ইনস্টিটিউটের ওয়েব সাইট নিয়মিত আপডেট করে প্রতি মাসে ওয়েব সাইটে কি কি বিষয়ে আপডেট করা হয়েছে তা লিখিত আকারে মহাপরিচালক বরাবর পেশ করার সিদ্ধান্ত থাকলেও তা না করার সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ঐ |
| ঘ) | আগামী সভায় ই-ইলিশ সংক্রান্ত Apps পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে। | পিডি, ইলিশ গবেষণা প্রকল্প |
| ঙ) | ই-ফিস ব্রিডিং সংক্রান্ত Apps তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ড. মোঃ শাহাআলী, পিএসও |

আলোচ্য সূচী ৮. গ্রন্থাগার ও প্রকাশনা শাখা

| | | |
|---|---|---|
| ক) | যথাশীঘ্রই জার্ণাল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কেন্দ্র প্রধান, স্বাদুপানি কেন্দ্র |
| খ) | ইনস্টিটিউটের নিউজলেটারের পরবর্তী সংখ্যা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| গ) | ইনস্টিটিউট উদ্ভাবিত প্রযুক্তি ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম নিয়মিত গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা |
| ঙ) | বিগত ২ বছরে কেন্দ্র/উপকেন্দ্র থেকে আর্টিকেল জার্ণালে প্রকাশিত হয়েছে এর হিসাব সদর দপ্তরে প্রেরণ করতে হবে। গ্রন্থাগার শাখা বিষয়টি সমন্বয় করবে। | কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |

আলোচ্য সূচী ৯. বিবিধ

| | | |
|---|---|---|
| ক) | সরকারী ক্রয় কাজ, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং জনবল নিয়োগ স্বচ্ছতার সাথে করতে হবে। দূর্নীতির ক্ষেত্রে Zero tolerance নীতি অনুসরণ করতে হবে। | সদর দপ্তর, কেন্দ্র, উপকেন্দ্র প্রধান ও প্রকল্প পরিচালক |
| খ) | শুণ্য পদ পুরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রঃ ও অর্থ) |
| গ) | ইনস্টিটিউটের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে প্রকাশিতব্য ম্যানুয়ালে নতুন সৃজিত পদ অন্তর্ভূক্ত করতে হবে। | কেন্দ্র প্রধান, চিংড়ি গবেষণা কেন্দ্র |
| ঘ) | গবেষণা তথ্য/উপাত্ত সময়মত মানসম্মত জার্নালে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেন্দ্র/উপকেন্দ্র প্রধানগণকে বিষয়টি নিয়মিত অনুসরণ করতে হবে। | কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |
| ঙ) | চলতি আগষ্ট মাসে কেন্দ্রীয় কর্মশালা এবং আগামী সেপ্টেম্বর মাসে ইনস্টিটিউটের কারিগরি কমিটির সভা আহবানের মাধ্যমে চলতি অর্থ বছরের গবেষণা প্রকল্প চুড়ান্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গবেষণা শাখা |

পরিশেষে সভার কার্যবিবরণীর জন্য অপেক্ষা না করে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক (চ.দা.)
তারিখ ঃ